# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/৩৩২৯ তারিখ: ৩০/১০/২০২৫

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা ০৪ নভেম্বর ২০২৫ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল **SMS (nu<space>atdg<space> Application ID** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **(www.nu.ac.bd/admissions)** রাত ৯টা থেকে পাওয়া যাবে।
উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১২ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অব্যশই চূড়ান্ত ভর্তি ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে **Yes** অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর কোর্স পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে মেধার ভিত্তিতে কোর্স পরিবর্তন করা হবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২০ নভেম্বর ২০২৫ তারিখ থেকে শুরু হবে।

**১ম মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে**

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>এ লক্ষ্যে শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশনে **Degree Pass Login** লিংকে গিয়ে সঠিক **Application ID** ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ০৪/১১/২০২৫ থেকে ১৬/১১/২০২৫ |
| ২) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৭২০/- (সাতশত বিশ) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ০৫/১১/২০২৫ থেকে ১৭/১১/২০২৫ |
| ৩) | কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ০৫/১১/২০২৫ থেকে ১৮/১১/২০২৫ |
| ৪) | কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৭২০/- (সাতশত বিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Degp.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১৯/১১/২০২৫ থেকে ২৫/১১/২০২৫ |

৩০/১০/২০২৫
(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/৩৩২৯ তারিখ: ৩০/১০/২০২৫

অনুলিপি:
১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯। অফিস কপি।

স্বা/-
(মোঃ আবু কাওসার)
উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২-৯৯৬৬৯১৫৮৪
ইমেইল: **degpassnu@gmail.com**